সংবাদ

তারিখ ...... 3 FEB 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ... ......

# এক মাস পেরিয়ে গেলেও সব বই পায়নি শিক্ষার্থীরা

প্রতিনিধি আমতলী (বরগুনা)

বরগুনার আমতলী ও তালতলী উপজেলায় বই উৎসবের এক মাস পেরিয়ে গেলেও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাতে গুরুত্বপুর্ণ পাঠ্য বই পৌছেনি। জানাগেছে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড দেশব্যাপী ১ জানুয়ারী শিক্ষার্থীদের হাতে উৎসবের মধ্যদিয়ে বই তুলে দিয়েছিল। ওই সময় ছাত্র-ছাত্রীদের শিক্ষাক্রমের সকল বই দিতে পারেনি। নবম শ্রেনীর বাংলা প্রথম পত্র, ইংরাজী প্রথম পত্র, উচ্চতর গনিত, জীব বিজ্ঞান, চারুকলা, ইতিহাস। ৮ম শ্রেনীর বাংলাদেশ বিশ্ব পরিচিতি ও হিন্দু ধর্ম শিক্ষা বই পৌছেনি।
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গোলাম মোস্তফা মুঠোফোনে জানান কয়েকটি বিষয়ের বই এখনো পৌছেনি। এ বিষয় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বিভাগের সাথে যোগাযোগ করেছি।